

গুচ্ছ থেকে বের হচ্ছে না কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুবি সংবাদদাতা

০৭ ডিসেম্বর,
২০২৪ ১৭:১২

শেয়ার

অ +

অ -



কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) স্নাতক প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা গুচ্ছ পদ্ধতিতে নেওয়া হবে বলে জানিয়েছেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. হায়দার আলী। শনিবার (৭ ডিসেম্বর) দুপুরে মুঠোফোনে বিষয়টি নিশ্চিত করেন তিনি।

উপাচার্য জানান, ‘শিক্ষা মন্ত্রণালয় থেকে আমাদের ডাকা হয়েছিল। সেখানে সবার সিদ্ধান্তে আমরা এবছর গুচ্ছ থাকার সিদ্ধান্ত নিয়েছি।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় ছাড়া গুচ্ছ অধিভুক্ত সব বিশ্ববিদ্যালয় এখনো এ পদ্ধতির আওতায় রয়েছে।’

এর আগে গত ২১ অক্টোবর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের (ইউজিসি) বৈঠকে গুচ্ছ থেকে বের হওয়ার ইচ্ছার কথা জানিয়েছিলেন অধ্যাপক ড. মো. হায়দার আলী।

প্রসঙ্গত করোনাকালে শিক্ষাসংকট কাটাতে ২০২০-২১ শিক্ষাবর্ষ থেকে ২৪টি পাবলিক বিশ্ববিদ্যালয় নিয়ে গুচ্ছ ভর্তিপ্রক্রিয়া শুরু করে ইউজিসি। তবে গুচ্ছ ভর্তি পদ্ধতিতে ভর্তির দীর্ঘসূত্রিতা নিয়ে অনেক সমালোচনা হয়।

এ বছর জগন্নাথ বিশ্ববিদ্যালয় গুচ্ছ থেকে বেরিয়ে যায়।

